

Time-Speed & Distance

General discussion:

সময় দূরত্ব ও গতিবেগের প্রশ্নগুলো বিভিন্ন প্রতিযোগিতা মূলক পরীক্ষায় প্রিলি এবং লিখিত উভয় অংশে বিভিন্ন ভাবে আসলেও ব্যাসিক বিষয়গুলো সময়, দূরত্ব ও গতিবেগের মত কিছু নির্দিষ্ট বিষয়ের মধ্যেই সীমাবদ্ধ। প্রশ্নের উপস্থাপন কঠিন করে করায় অনেকে বুঝতেই পারেন না কিভাবে শুরু করা যায়। তাই এখানে প্রতিটি ছোট ছোট বিষয়কে নোট করে দিয়ে প্রশ্নগুলোর সমাধান দেয়া হয়েছে। যাতে সহজেই প্রশ্নগুলো বোঝা যায় এবং কিভাবে সমাধান করতে হবে তা মাথায় দ্রুত চলে আসে। প্রশ্নের সাথে যে অতিরিক্ত কথাগুলো বলা হয়েছে সেগুলোতে গুরুত্ব দিলে লিখিত এবং বড় ও জটিল যে কোন প্রশ্ন সহজে সমাধান করা সম্ভব হবে।

□ Important vocabulary:

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
Distance	দূরত্ব	Speed	গতিবেগ
Entire trip	সম্পূর্ণ ভ্রমণ	Instead of	পরিবর্তে
Destination	গন্তব্য	Cross	অতিক্রম করা
Closest to	কাছাকাছি	Respectively	পর পর / যথাক্রমে
Same route	একই পথে	Towards	অভিমুখে/ দিকে
Same direction	একই দিকে	Opposite direction	বিপরীত দিকে

□ Important formula:

এই অধ্যায়ের সাথে সম্পর্কিত বিভিন্ন সূত্রগুলো মুখস্থ না করে নিচের উদাহরণটির মত বাস্তবে ভাবুন, তাহলে সহজে মনে থাকবে।

৫০কিমি/ঘণ্টা গতিতে ২০০ কিমি রাস্তা অতিক্রম করতে একটি বাহনকে

➤ মোট সময় লাগবে $\frac{200}{50} = 4$ ঘণ্টা (সূত্র-০১: $\frac{\text{Distance}}{\text{Speed}} = \text{Time}$)।

➤ প্রতি ঘণ্টার গতিবেগ হবে $\frac{200}{4} = 50$ কিমি/ঘণ্টা (সূত্র-০২: $\frac{\text{Distance}}{\text{Time}} = \text{Speed}$)।

➤ ৫০ কিমি বেগে ৪ ঘণ্টায় অতিক্রান্ত মোট পথ $50 \times 4 = 200$ (সূত্র-০৩: $\text{Speed} \times \text{time} = \text{Distance}$.)

➤ If the ratio of the speeds of A and B is (a:b) then the ratio of the times taken by them to cover the same distance is $\frac{1}{a} : \frac{1}{b}$ or (b:a)

(অর্থাৎ যদি কখনো দুটি বস্তুর গতিবেগের অনুপাত দেয়া থাকে। তাহলে তাদের সময়ের অনুপাতটি বিপরীত হয়। কারণ যার গতি বেশি তাকে কম সময় এবং যার গতিবেগ কম তাকে বেশি সময় লাগবে।)

Different types of questions

Time related

$$\text{Time} = \frac{\text{Dis tan ce}}{\text{Speed}}$$

1. John walks 10 miles at an average rate of 2 miles per hour and returns on a bicycle at an average rate of 10 miles per hour. How long (to the nearest hour) does the entire trip take him? (জন একটি বাইসাইকেলে ঘণ্টায় ২ মাইল গড় গতিবেগে ১০ মাইল রাস্তা অতিক্রম করার পর এবং ঘণ্টায় ১০ মাইল বেগে ফিরে আসলে সম্পূর্ণ ভ্রমণে তার মোট কত সময় লাগলো?) (Al-Arafah IB Ltd. Trai Off 2013)
- a. 3 b. 4 c. 5 d. 6 Ans: d

✍️Solution:

যেতে সময় লাগে $10 \div 2 = 5$ ঘণ্টা।

ফেরত আসার সময় $10 \div 10 = 1$ ঘণ্টা। মোট সময় = $5 + 1 = 6$ ঘণ্টা

2. A fire broke out in a garments factory. How many minutes would it take for a fire truck to got to the fire 10 miles away. If it travels at a rate of 20 mph ? (একটি গার্মেন্টসে আগুণ লাগায় ১০ মাইল দূর থেকে একটি দমকল ট্রাক ২০ মাইল গতিতে আসলে ঐ জায়গায় পৌছাতে কত মিনিট সময় লাগবে?) (Premier Bank Ltd. MT 2013) [IFIC BANK (MTO) – 2017]

- a. $\frac{10}{20}$ min b. $\frac{20}{10}$ min c. $60 \times \frac{10}{20}$ min d. $60 \times \frac{20}{10}$ min Ans: c

✍️Solution:

$$\text{Time} = \frac{\text{Dis tan ce}}{\text{Speed}} \quad \text{সুতরাং এখানে সময় লাগবে} \quad \frac{10}{20} \text{ hr Or } 60 \times \frac{10}{20} \text{ min.} \quad (\text{ঘণ্টা} \times 60 = \text{মিনিট})$$

3. A man walks at a rate of 10 mph. After every ten miles, he rests for 6 minutes. How much time does he take to walk 50 miles? (এক ব্যক্তি ১০ মাইল বেগে চলে এবং প্রতি ১০ মাইল পর ৬ মিনিট বিশ্রাম নেয়। ৫০ মাইল পথ যেতে কত সময় লাগবে?) (Basic Bank Ass Offi (Cash) 2014)
- a. 300 b. 318 c. 322 d. 324 Ans: d

✍️Solution:

[(d) Help: দূরত্বকে গতিবেগ দিয়ে ভাগ করলে মোট সময় বের হবে। এরপর যতবার বিশ্রাম করেছে তার সময় যোগ করুন। $300 + (6 \times 8) = 328$]

4. A car is driven at the speed of 100 km/hr and stops for 10 minutes at the end of every 150 km. To cover a distance of 1000 km, it will take (একটি কার ১০০ কিমি গতিবেগে চলে প্রতি ১৫০ কিমি পর ১০ মিনিটের জন্য বিরতি দেয়। ১০০০ কিমি রাস্তা অতিক্রম করতে কারটির মোট কত সময় লাগবে?) -[BD House Building FC (OF)-2017]
- a. 12 hours b. 10 hours c. 11 hours d. 9 hours Ans:c

✍️Solution:

$$\text{Number of stops} = \frac{1000}{150} = 6 \text{ বার}$$

$$\text{Total time to cover 1000 km} = \frac{1000}{100} \text{ hr} = 10 \text{ hrs} + 6 \text{ বার } 10 \text{ মিনিট করে } 60 \text{ মি বা } 1 \text{ ঘণ্টা} = 11 \text{ hr. Ans:}$$

5. **Excluding stoppage, the speed of a bus is 54 kmph and including stoppages it was 45 kmph. For how many minutes does the bus stop per hour?** (বিরতিহীন একটি বাসের গতিবেগ ৫৪কিমি/ঘণ্টা এবং বিরতিসহ বাসটির গতিবেগ ৪৫ কিমি/ঘণ্টা। বাসটি ঘন্টায় কত মিনিট বিরতি দেয়?) [Exim Bank- (TO-Cash)-2019 (IBA)]

A. 9 B. 10 C. 12 D. 20 E. None Ans: B

✍️ **Solution:**

Due to stoppages, it covers $54 - 45 = 9$ km less. (৯ কিমি যাওয়ার সময়টাই বাসস্টান্ডে বসে ছিল)

$$\text{Time taken to covers 9 km} = \left(\frac{9}{54} \times 60 \right) \text{ min} = 10 \text{ min.}$$

➡ **Confusion clear:** বাসটি যখন চলমান ছিল তখন তার গতিবেগ কিন্তু সব সময় ৫৪কিমি/ঘণ্টা ই ছিল। ৪৫ কিমি/ঘণ্টা বেগে চলেনি কখনো, বরং যাত্রা শেষে স্টপেজ গুলো সহ গণনা করায় ৪৫কিমি/ঘণ্টা বের হয়েছে। তাই এখানে ৫৪ ধরে হিসেব হবে। এরকম স্টপেজ সহ হিসেব করে গতি বের করার অংকগুলোতে স্টপেজ ছাড়া গতিটাই গাড়ীর প্রকৃত গতিবেগ হবে।

Race related:

সবথেকে গুরুত্বপূর্ণ যে বিষয়টা মনে রাখতে হবে যে, সবার সামনে যে জন যত মিটারে অবস্থান করছে সেখানে থেকে হার জিতের হিসেব শুরু এবং দৌড় প্রতিযোগিতা টি ও তত মিটারের দৌড় প্রতিযোগিতা হিসেবে গণ্য হয়।

6. **In a kilometer race, A beats B by 100 m and B beats C by 150 m. In the same race, by how many meters does A beat C?** (১কিমি একটি দৌড় প্রতিযোগিতায় A, B কে ১০০মিটারের ব্যবধানে পরাজিত করে এবং B, C কে ১৫০ মিটারের ব্যবধানে পরাজিত করে। তাহলে A, C কে কত মিটারের ব্যবধানে পরাজিত করবে?) [BD House Building FC (OF)-2017]
- a. 235 m b. 225 m c. 240 m d. 250 m Ans: a

✍️ **Solution:**

When A is at 1000 m point, B is at $1000 - 100 = 900$ m point.

When B is at 1000 m point, C is at $1000 - 150 = 850$ m point.

$$\text{So, when B is at 900 m point, C is at } = \frac{850 \times 900}{1000} = 765 \text{ m point.}$$

So, when A is at 1000 m point, then B is at 900 m point and C is at 765 m point.

Therefore, A beats C by $1000 - 765 = 235$ m.

◆ **বাংলায় ব্যাখ্যা:**

যখন A, ১০০০ মিটারের শেষ মাথায় চলে গেছে তখন B, ৯০০ এবং B ও C এর ১০০ মিটারের রেস হলে B যখন ১০০০ মিটারে C তখন $১০০০ - ১৫০ = ৮৫০$ মিটারে অবস্থান করছে। এখন তিনজন ই একসাথে দৌড় শুরু করলে যখন A ১০০০ এ তখন B ৯০০ মি. এ থাকবে। ঠিক সেই সময় C কত মিটারে থাকবে, তা উপরের ঐকিক নিয়মে বের করে দেখা যাচ্ছে ৭৬৫ মি. এ। সুতরাং ঐ দৌড়ে B বাদ দিয়ে যদি A এবং C এর মধ্যে হয় তাহলে A জিতে যাবে $১০০০ - ৭৬৫ = ২৩৫$ মিটারের ব্যবধানে।

বিষয়টি এমন: A = 1000, B = 900 then C = ? দেয়া ছিল না। কিন্তু

B = 1000, তখন C = 850 দেয়া ছিল। এখন থেকে B = 900 হলে C = 765

তাহলে এবার লেখা যায়: $A = 1000$, $B = 900$ then $C = 765$ ()

এখন যেহেতু A জিতেছে, তাই A যখন ১০০০ মিটার তখন C কোথায় তা বের করে হিসেব।

উত্তর: $১০০০ - ৭৬৫ = ২৩৫$ মিটার।

7. In a 100 m race, A beats B by 10 m and C by 13 m. In a race of 180 m, B will beat C by (১০০ মিটারের একটি দৌড় প্রতিযোগিতায় A, B কে ১০মিটারে এবং C কে ১৩ মিটারের ব্যবধানে পরাজিত করতে পারে। ১৮০ মিটারের প্রতিযোগীতায় B, C, কে কত মিটারের ব্যবধানে পরাজিত করবে?): [Uttara Bank (PO)-2017]
- a. 5.4 m b. 4.5 m c. 5 m d. 6 m Ans: d

✍️ Solution:

A যখন ১০০ মিটার যায় তখন B যায় $১০০ - ১০ = ৯০$ মিটার। আবার একই সময়ে C যায় $১০০ - ১৩ = ৮৭$ মিটার।

এখন, B যখন ৯০ মিটার যায় তখন C যায় ৮৭ মিটার। এখানে C হেরে যায় $৯০ - ৮৭ = ৩$ মিটারের ব্যবধানে।

তাহলে এর দ্বিগুণ পথ অর্থাৎ ১৮০ মিটারের দৌড় প্রতিযোগিতায় C হেরে যাবে দ্বিগুণ ব্যবধান অর্থাৎ $৩ \times ২ = ৬$ মিটারে।

8. In a 500 m race the ratio of the speeds of two contestants Ajmal and Badal is 3 :4. If Ajmal has ahead start of 140 m . then Ajmal wins by- (৫০০ মিটার রেসে দুই প্রতিযোগী আজমল ও বাদলের গতিবেগের অনুপাত ৩:৪। যদি আজমল ১৪০ মি এগিয়ে রেসটি আরম্ভ করে করে তবে আজমল রেসে কত মিটারে জিতবে?) [BGDCL-(Accounts)-2017]
- a. 10 m b. 20 m c. 30 m d. 60 m Ans: b

✍️ Solution:

ধরি, আজমলের গতিবেগ 3 m/s

বাদলের " 4 m/s

আজমল 3 m যায় = 1 সেকেন্ড

$$\therefore \text{'' (500 - 140) = 360 m " } \frac{1 \times 360}{3} = 120 \text{ সেকেন্ড (অর্থাৎ ৩৬০মি. পথ যেতে ১২০সেকেন্ড সময় লাগে)}$$

আবার, বাদল, 1 সেকেন্ড যায় = 4 মিটার

$$\therefore 120 \text{ " " (4} \times 120) = 480 \text{ মিটার (১২০ সেকেন্ডে আজমল ৩৬০ মি.গেল বাদল ঐ সময়ে ৪৮০ যায়।)}$$

$$\therefore \text{ আজমল প্রতিযোগিতাটি জিতে (500 - 480) মিটার = 20 মিটার}$$

9. In a 300 m race, A beats B by 22.5 m or 6 seconds, B's time over the course is: (৩০০ মিটারের একটি দৌড় প্রতিযোগীতায় A, B কে ২২.৫ মিটার বা ৬ সেকেন্ডের ব্যবধানে পরাজিত করলো। B কে মোট কত সময় লাগলো?) [Pubali Bank Ltd (SO)-2017]
- a. 86 sec b. 80 sec c. 76 sec d. None Ans: b

✍️ Solution:

এ ধরনের প্রশ্নের ভাষা বোঝা খুব গুরুত্বপূর্ণ:

এখানে ৩০০ মিটারের দৌড়ে A, B কে ২২.৫ মিটার বা ৬ সেকেন্ডের ব্যবধানে পরাজিত করেছে কথাটির অর্থ হলো যখন A ৩০০ মিটারে পৌঁছে গেছে তখন পেছন ফিরে দেখে যে B এখনো ২২.৫ মিটার দূরে আছে অথবা ৬ সেকেন্ড পেছনে আছে অর্থাৎ অবশিষ্ট ২২.৫ মিটার পথ যেতে B কে এখনো ৬ সেকেন্ড সময় লাগবে।

এতটুকু বোঝার পর এখন লিখতে হবে যে: (বুঝে গেলে এখান থেকে শুরু)

২২.৫ মিটার পথ অতিক্রম করতে B কে সময় লাগে = ৬ সেকেন্ড:

$$\therefore 1 \text{ " " " " " " " " } = \frac{6}{22.5} \text{ "}$$

$$\therefore 300 \text{ " " " " " " " " } = \frac{6 \times 300}{22.5} = 80 \text{ সেকেন্ড:}$$

10. In a 100 m race, A covers the whole distance in 36 seconds and B in 45 seconds. In this race, A beats B by (একটি ১০০ মিটার দৌড় প্রতিযোগিতায় A সম্পূর্ণ দূরত্ব ৩৬ সেকেন্ডে এবং B সম্পূর্ণ দূরত্ব ৪৫ সেকেন্ডে অতিক্রম করলে A, B কে কত মিটারের ব্যবধানে পরাজিত করে?) – [Probasy Kalyan SEO 2014] & [Uttara Bank- (Cash)-2017]

a. 25m b. 20 m c. 22.5m d. 9 m Ans: b

Solution:

এরকম প্রশ্নে যে জিতে গেছে তাকে আগে রেসের শেষ মাথায় রাখতে হবে। এরপর দেখতে হবে পেছনে কে কত দূরে আছে। A ৩৬ মিনিটে যখন ১০০ মিটার রেস শেষ করেছে ঠিক সেই সময়ে B কত পেছনে আছে?

B goes in 45 sec = 100m

B “ in 1 sec = $\frac{100}{45}$ m

B “ in 36 sec = $\frac{100 \times 36}{45} = 80$ m

So, A beats B by = 100-80 = 20

১০ সেকেন্ডে করার জন্য:

সময়ের অনুপাত A:B = 36:45 = 4:5

∴ গতিবেগের অনুপাত A:B = 5:4 (উল্টো)

5=100 হলে 4= 80 এবং পার্থক্য 5-4= 1 = 20

(ঠিক ৩৬ সেকেন্ডে A ১০০ মিটার গেছে এবং B একই সময়ে ৮০মিটার যাওয়ায় সে ২০ মিটারে হেরে গেছে।)

11. A can run 22.5 meters while B runs 25 meters. In a kilometer race B beats A by (A সময়ে ২২.৫ মিটার যেতে পারে সেই একই সময়ে B ২৫ মিটার যেতে পারে। ১ কিমির একটি দৌড়ে B, A কে কত ব্যবধানে পরাজিত করবে?) (PKB Execu Officer (Cash) 2014)

a. 100 b. 111 c. 25 d. 50 Ans: a

Solution:

১কিমি = ১০০০ মিটার সুতরাং B এর ১০০০ মিটার যেতে মোট সময় লাগবে $১০০০ \div ২৫ = ৪০$ একক।

আবার A এই ৪০ একক সময়ে যেতে পারবে $৪০ \times ২২.৫ = ৯০০$ মিটার।

তাহলে B, A কে পরাজিত করবে $১০০০ - ৯০০ = ১০০$ মিটারের ব্যবধানে।

(সহজ সমাধান: ২৫মি. দৌড়ে পরাজিত হবে ২৫- ২২.৫ = ২.৫মিটারে তাহলে ১০০০মিটারের দৌড়ে ১০০মিটারে জয়ী)

মনে রাখবেন, সামনের জন্য সীমানায় পৌঁছে গেলে প্রতিযোগীতা শেষ। তখন হিসেব শুরু, কে কত পিছে ছিল।

12. An inspector notices a thief from a distance of 200 meters after the thief starts running and the inspector chases him. The inspector and the thief run at the speed of 11 km/hr and 10 km/hr respectively. The distance between them after 6 minutes is? (একজন পরিদর্শক (পুলিশ) ২০০ মিটার দূরে থেকে একটি চোরকে দেখতে পেয়ে তার পেছনে দৌড়ানো শুরু করলো। ইন্সপেক্টর ও চোরের গতিবেগ যথাক্রমে ১১কিমি/ঘন্টা এবং ১০ কিমি/ঘন্টা। ৬ মিনিট পর তাদের মধ্যকার দূরত্ব কত হবে?) [Sonali Bank (SO-FF-quota)-2019]

a. 100 m b. 90 m c. 110 m d. 120 m Ans: a

Solution:

Relative speed of policeman and the thief is = (11 – 10) = 1 Km/hr. or 1000m

Distance reduced in 1hr or 60min = 1000m

So, distance reduced in 6min = $\frac{1000 \times 6}{60} = 100$ m

The distance between the policeman and the thief after 6 min = 200 – 100 = 100m.

[ব্যাখ্যা: পুলিশের গতি বেশি হওয়ায় ৬ মিনিটে সে চোরের থেকে ১০০ মি. বেশি যাবে তাই আগের ২০০মি. দূরত্ব কমে ৬ মিনিট পরের দূরত্ব হবে ২০০-১০০ = ১০০মিটার।]

13. In a race of 200 m, A can beat B by 31 meter and C by 18meter. In a race of 350m, C will beat B by-(২০০ মিটারের একটি দৌড় প্রতিযোগিতায় A, B কে ৩১মিটারে এবং C কে ১৮ মিটারের ব্যবধানে পরাজিত করতে পারে। ৩৫০ মিটারের প্রতিযোগিতায় C, B কে কত মিটারের ব্যবধানে পরাজিত করবে?) {BB. AD. (G.S-2014)} & (Exim Bank Ltd. MTO 2013)
- a. 25m b. 22.75m c. 19.75m d. 19m Ans: a

✍️Solution:

A যখন ২০০ মিটার যায় তখন B যায় $২০০-৩১ = ১৬৯$ মিটার। আবার একই সময়ে C যায় $২০০-১৮=১৮২$ মিটার।

C যখন ১৮২ মিটার যায় তখন B যায় = ১৬৯মিটার।

C যখন ১ " " " B " = $\frac{১৬৯}{১৮২}$ মিটার।

C যখন ৩৫০ " " " B " = $\frac{১৬৯ \times ৩৫০}{১৮২}$ মিটার = ৩২৫মিটার।

তাহলে C, B কে পরাজিত করবে $৩৫০-৩২৫ = ২৫$ মিটারের ব্যবধানে।

Distance related

Speed × Time = Distance

14. How many miles can a motorist travel from 9:55am to 10:15am at a speed of 40 miles per hour?(একজন মোটরযাত্রী ঘন্টায় ৪০ মাইল বেগে সকাল ৯.৫৫ থেকে সকাল ১০.১৫ পর্যন্ত কত মাইল দূরত্ব অতিক্রম করতে পারবে?) [Combined (Off:)-2022 (2019 Based)]

- a. 13.33 b. 15 c. 20 d. 40 Ans:a

✍️Solution: Travelling time = 10.45 am – 9.55 am = 20 minutes = $\frac{20}{60} = \frac{20}{60} = \frac{1}{3}$ hours

So, Required distance = Speed × Time = $40 \times \frac{1}{3}$ miles = 13.33 miles

15. If a person walks at 14 km/lir instead of 10 km/hr, he can cover 20 km more. The actual distance travelled by him is (এক ব্যক্তি যদি তার হাঁটার গতিবেগ ঘন্টায় ১০কিমি থেকে ১৪কিমি করে, তাহলে সে ২০কিমি অধিক পথ অতিক্রম করতে পারে। সে কতটুকু পথ ভ্রমণ করেছে?) (Jamuna Bank Ltd. MTO 2013) ,(IBA-MBA Admision Test, (Dec -2015) & [BKB (officer) – 2017] + [BB (off-Cash)-2023]

- a. 50km b. 56km c. 70km d. 80km Ans: a

✍️Solution: Speed difference = 14-10 = 4,

If difference is 4 then actual distance travelled = 10 km

Then when difference is 20km distance travelled = $\frac{10 \times 20}{4} = 50$ km (Ans)

[✍️Note: ১০ কিমির পরিবর্তে ১৪ কিমি গেলে এরকম হতো। কিন্তু আসলে সে ১০কিমি গতিতেই গিয়েছিল। তাই উত্তর ৫০]

শিখে রাখুন:

যদি যেত তাহলে দূরত্ব $১৪ \times ৫ = ৭০$ কিমি হত। যেহেতু যায় নি তাই দূরত্ব ৫০ কিমি।
যদি থাকলে যদি ছাড়া অংশটির উত্তর বের করতে হবে। কারণ “If = যদি” দ্বারা সম্ভাবনা বুঝায়।

16. A train travels at an average of 50 miles per hour for 2.5 hours and then travels at a speed of 70 miles per hour for 1.5 hours. How far did the train travel in the entire 4 hours? (একটি ট্রেন প্রথম ২.৫ ঘণ্টা ৫০ মাইল/ গতিতে চলে এবং পরবর্তী ১.৫ ঘণ্টা ৭০ মাইল গতিতে চললো। মোট ৪ ঘণ্টায় ট্রেনটি কতটুকু পথ চললো?) [Pubali Bank Ltd (SO)-2017]

a. 120 miles b. 150 miles c. 200 miles d. 230 miles Ans: d

✍️ Solution:

এক লাইনে করতে এভাবে লিখুন: $(50 \times 2.5) + (70 \times 1.5) = 125 + 105 = 230$ miles.

◆ গুণ করতে বেশি সময় লাগলে এভাবে ভাবলে মুখে মুখে মুখে করা সম্ভব।

১ ঘণ্টায় ৫০ হলে ২ ঘণ্টায় ১০০ এবং ০.৫ ঘণ্টায় ২৫ তাহলে প্রথমে ২.৫ ঘণ্টায় যায় = ১২৫
আবার ১ ঘণ্টায় ৭০ হলে ০.৫ ঘণ্টায় ৩৫ সুতরাং ১.৫ ঘণ্টায় যায় = ৭০ + ৩৫ = ১০৫।
সুতরাং ৪ ঘণ্টায় মোট অতিক্রান্ত পথ = ১২৫ + ১০৫ = ২৩০।

17. A culprit was spotted by a policeman from a distance of 250 meter when the policeman started running towards the culprit at a speed of 10 km/hr, the culprit also fled. If his speed was 8 km/hr, find how far the culprit had run before he was overpowered. (২৫০ মিটার দূর থেকে একজন পুলিশ ১০ কিমি বেগে একজন সন্ত্রাসীকে ধরার জন্য দৌড়াচ্ছিল। যদি সন্ত্রাসীর গতিবেগ ৮ কিমি হয় তাহলে সন্ত্রাসীটি কতদূর যাওয়ার পর ধরা পরবে?) (National Bank.Pro.Off.-2015)+[NRBC(PO)-2023]

a. 1 km b. 1.5 km c. 2 km d. 75 km Ans: a

✍️ Solution:

দুজনের গতির পার্থক্য $10 - 8 = 2$ Km বা 2000 মি. (কারণ তাদের মাঝের দূরত্ব ২৫০ মিটারে দেয়া আছে তাই কিমি = মি.)

2000 মিটার দূরত্ব কমলে সন্ত্রাসী যায় = ৪ কিমি

$$1 \quad " \quad " \quad " = \frac{8}{2000}$$

$$250 \quad " \quad " \quad " = \frac{8 \times 250}{2000} = 1 \text{ কিমি। (যেহেতু শুরুতেই তাদের দূরত্ব ছিল ২৫০ মিটার) উত্তর: 1 কিমি।}$$

18. A man traveled from the village to the post-office at the rate of 25 kmph and walked back at the rate of 4 kmph. If the whole journey took 5 hours 48 minutes, find the distance of the post-office from the village.

a. 60 b. 40 c. 30 d. 20 Ans: d

✍️ Solution:

[Help: If distance is x then $\frac{x}{25} + \frac{x}{4} = \frac{348}{60}$ (5hr 48min=348min & $348 \text{m} = \frac{348}{60} \text{hr} = 20$)]

Speed related

সাধারণত গতিবেগ বলতে যে কোন বাহন বা যে কোন কিছু প্রতি ঘণ্টায় কত কিমি যায় তা বোঝায়। প্রতি ঘণ্টায় ২০কিমি যাওয়া এবং প্রতি ঘণ্টায় গড় গতিবেগ ২০কিমি অর্থ একই। তবে কখনো প্রতি মিনিট বা প্রতি সেকেন্ডে গতিবেগ বের করতে বলা হলে তা উল্লেখ্য করে দেয়া থাকে।

$$\text{Speed} = \frac{\text{Distance}}{\text{Time}}$$

19. A car moves at the speed of 80 km/hr. What is the speed of the car in metres per second?(একটি গাড়ি ৮০ কিমি./ঘণ্টা বেগে চললে মি./সে. এর গতিবেগ কত? [Pubali Bank (TAT)-2017])

- a. 8 m/sec b. $20\frac{1}{9}$ m/sec c. $22\frac{2}{9}$ m/sec d. None Ans: c

Solution:

In 1hr or 3600 sec it moves = 80km or 80,000 metres.

$$\text{So, in 1sec it moves} = \frac{80,000}{3600} = \frac{200}{9} = 22\frac{2}{9} \text{ m/sec}$$

20. A train took 6 minutes to travel between two stations 4 miles apart. What was the speed of the train in miles per hour? (একটি ট্রেন ৬ মিনিটে ৪ কিমি দূরে অবস্থিত একটি স্টেশনে ভ্রমণ করে। প্রতি ঘণ্টায় ট্রেনটির গতিবেগ কত?) (Uttara Bank Ltd. Ass, Offi (Cash) -2011)

- a. 30 b. 35 c. 40 d. 45 Ans: c

Solution:

In 6 min goes 4miles, So in 60min. goes $4 \times 10 = 40$ miles. (since 60 is 10times of 6)

21. 10 minutes after a plane leaves the airport, it is reported to be 40 miles away. What is the average speed in miles per hour of the plane? (একটি প্লেন বিমানবন্দর ত্যাগ করার ১০ মিনিট পর দেখা গেলো যে তা ৪০মাইল দূরে অবস্থান করছে। তাহলে প্লেনটির ঘণ্টায় গড় গতিবেগ কত?) [Combined (Off-Cash)-2023 (2021 Based)]

- a. 560 b. 400 c. 240 d. 200 Ans: c

Solution: In 10 minutes the plane goes = 40 miles

$$\therefore 60 \text{ min}/1 \text{ hours goes} = 40 \times 6 = 240 \text{ miles.}$$

22. A person crosses a 600 m long street in 5 minutes. What is his speed in km per hour? (এক ব্যক্তি ৬০০ মিটার পথ ৫মিনিটে অতিক্রম করে। প্রতি ঘণ্টায় তার গতিবেগ কত কি.মি.?) [Janata Bank (AEO-RC) -2017] + [Pubali Bank (JO)-2023] + [Pubali Bank (SO)-2023]

- a. 3.6 b. 7.2 c. 8.4 d. 10 Ans b

Solution: In 5 minutes the person crosses = 600m

$$\text{So, in 60 minutes the person crosses} = \frac{600 \times 60}{5} = 7200\text{m or,} = \frac{7200}{1000} = 7.2\text{km/hr}$$

Shortcut: $\frac{600\text{m}}{5 \text{ min}} = \frac{600\text{m}}{300\text{s}} = 2\text{m/s} = 2 \times \frac{18}{5} \text{ km/ hour} = 7.2\text{km/hr}$

23. A salesman travels a distance of 70 miles in 2.5 hours. How much faster, in miles per hour, must he travel to make the same trip in 0.75 hours less than the original time? (একজন বিক্রেতা ৭০ মাইল রাস্তা ২.৫ ঘণ্টায় অতিক্রম করে। একই রাস্তা ০.৭৫ ঘণ্টা কম সময়ে যাওয়ার জন্য তাকে আগের থেকে কত বেশি গতিতে যেতে হবে?) (DBBL Pro. Off. -2015)
- a. 28 b. 24 c. 12 d. none Ans: c

✍️ **Solution:**

প্রথমে গতিবেগ ছিল $70 \div 2.5 = 28$ আবার ০.৭৫ ঘণ্টা কম সময় নিলে নতুন সময় $2.5 - 0.75 = 1.75$ ঘণ্টা।

$$\text{নতুন গতিবেগ} \frac{70}{1.75} = \frac{70 \times 100}{175} = 80 \quad \text{সুতরাং আগের থেকে নতুন গতিবেগ বাড়তে হবে } 80 - 28 = 52 \text{ মাইল।}$$

24. A motor-cycle covers 40 km with a speed of 20 km/hr. Find the speed of the motor-cycle for the next 40 km journey so that the average speed of the whole journey will be 30 km/hr. (একটি মোটর সাইকেল ২০ কিমি/ঘণ্টা বেগে ৪০ কিমি চলে। পরবর্তী ৪০ কিমি পথ প্রতি ঘণ্টায় কত কিমি বেগে গেলে সম্পূর্ণ যাত্রাপথের গড় গতিবেগ ৩০ কিমি/ঘণ্টা হবে?) [BSC Combined exam (SO- 8 Bank) -2018]
- a. 70 km/hr b. 52.5 km/hr c. 60 km/hr d. 60.5 km/hr Ans: c

✍️ **Solution:**

$$\text{Total time} = \frac{40 + 40}{30} = \frac{80}{30} = \frac{8}{3} \text{ hour or } = \frac{8}{3} \times 60 = 160 \text{ minute.}$$

$$\text{Then, next 40 km need} = (160 - 120) = 40 \text{ min}$$

Now, in 40 minute goes = 40 km.

So, in 60 minute = 60 km.

$$\text{Srt: } \frac{2xy}{x+y} = 30 \text{ বা, } \frac{2 \times 20 \times y}{20+y} = 30$$

$$\text{বা, } 40y = 600 + 30y \text{ বা, } 10y = 600 \therefore y = 60$$

➔ **প্রমাণ:** অপশন থেকেও উত্তর বের করা যায়, শুদ্ধি পরীক্ষা করলে: $\frac{2xy}{x+y} = \frac{2 \times 20 \times 60}{20+60} = \frac{2 \times 20 \times 60}{80} = 30$

25. A train can travel 50% faster than a car, Both start from point A at the same time and reach point B. 75 km away from A at the same time. One the way however, the train had lost about 12.5 minutes while stopping at the stations. What is the speed of the car? (একটি ট্রেন একটি কারের থেকে ৫০% বেশি গতিশীল। ট্রেন এবং কার উভয়ে একটি নির্দিষ্ট স্থান A থেকে ৭৫ কিমি দূরে অবস্থিত B তে একই সময়ে পৌছায়, পথিমধ্যে ট্রেনটি বিভিন্ন স্টেশনে ১২.৫ মিনিট অপেক্ষা করেছিল। কারের গতিবেগ কত ?) [BGDCL-(Accounts)-2017] & [Janata Bank (EO)-2017 (afternoon)]
- a. 120 km/hr b. 110 km/hr c. 100 km/hr d. 80 km/hr Ans: a

✍️ **Solution:**

এখানে ট্রেন ও কার একই পথ গেছে এবং তাদের দুজনের সময়ের পার্থক্য = ১২.৫ মিনিট।

ধরি, কারের গতি x km/hr

$$\therefore \text{ট্রেনের গতি} \left(x + x \times \frac{50}{100} \right) \text{ km/hr} = 1.5x \text{ km/hr}$$

$$\therefore \frac{75}{x} - \frac{75}{1.5x} = \frac{12.5}{60} \quad [\text{যেহেতু কারটিকে ট্রেনের থেকে বেশি সময় লাগবে তাই কারের সময় - ট্রেনের সময়} = 12.5]$$

$$\Rightarrow \frac{112.5 - 75}{1.5x} = \frac{12.5}{60} \quad [\text{প্রথমে } 12.5 \text{ মিনিটকে ঘণ্টা বানানোর জন্য নিচে } 60 \text{ দিয়ে ভাগ করা হয়েছে।}]$$

$$\Rightarrow \frac{37.5}{1.5x} = \frac{12.5}{60}$$

$$\Rightarrow \frac{375}{15x} = \frac{125}{600} \text{ [দশমিক ভুলে দেয়া হয়েছে]} \Rightarrow x = \frac{600 \times 375}{125 \times 15} \therefore x = 120 \therefore \text{কারের গতি } 120\text{km/hr.}$$

Alternative solution:

Speed ratio of Train and Car = 150:100 or 3:2

So, Time ratio of train and car = 2:3

their time difference is 3-2 = 1 part = 12.5 min so Car taken $3 \times 12.5 = 37.5$ min

So, Speed of the car in 1 min is $75 \div 37.5 = 2$ km

and in 60min Or, 1 hour is $2 \times 60 = 120$ km

26. Two people start jogging at the same point and time but in opposite directions. If the rate of one jogger is 2 mph faster than the other and after 3 hours they are 30 miles apart, what is the rate of the faster jogger? (দুই জন ব্যক্তি একই স্থান থেকে একই সময়ে পরস্পর বিপরীত অভিমুখে রওয়ানা দিল। একজনের গতিবেগ অন্যজনের চাইতে ২ মাইল বেশী। ৩ ঘণ্টা পর তাদের মধ্যবর্তী দূরত্ব ৩০ মাইল হলে দ্রুতগামী ব্যক্তির গতিবেগ কত ছিল?) [UCBL-(PO)-2017]

a. 3

b. 4

c. 5

d. 6

Ans:d

Solution:

◆ Solution:(d)

ধরি, প্রথম jogger এর গতিবেগ = x মাইল/ ঘণ্টা

∴ Faster jogger এর গতিবেগ = x + 2 মাইল / ঘণ্টা

∴ 3 ঘণ্টায় প্রথম jogger অতিক্রম করে = 3x মাইল

∴ 3 ঘণ্টায় Faster jogger অতিক্রম করে = 3(x+2) মাইল

প্রশ্নমতে,

$$3x + 3(x+2) = 30 \Rightarrow 3x + 3x + 6 = 30 \Rightarrow 6x = 30-6 \Rightarrow x = \frac{24}{6} \therefore x = 4$$

সুতরাং: Faster jogger এর গতিবেগ = 4+2 = 6 কিমি/ঘণ্টা। Ans:

Learn: (A's speed) : (B's speed) = (a : b) হলে (A's time) : (B's time) = (b : a)

অর্থাৎ দুটি বস্তুর গতিবেগের অনুপাতটির ব্যস্তানুপাত বা উল্টো হলো তাদের যতটুকু সময় লাগে।

কারণ যার গতি বেশি তার কম সময় এবং যার গতি কম তার বেশি সময় লাগে। নিচের প্রশ্ন গুলো দেখুন

27. The ratio between the rates of walking of A and B is 2:3. If the time taken by B to cover a certain distance is 36 minutes, the time taken by A to cover that much distance is (A এবং B এর হাঁটার গতিবেগের অনুপাত ২:৩। একটি পথ যেতে B কে ৩৬ মিনিট সময় লাগলে একই পথ যেতে A কে কত সময় লাগবে?)

a. 24 min

b. 28 min

c. 54 min

d. 60 min

Ans: c

Solution:

Here, Speed ratio of A and B = 2:3

So, ratio of time taken by A and B = 3:2

now, let the time taken by A and B = 3x and 2x (প্রশ্নে সময় দেয়া আছে ৩৬ মি. তাই সময়কে ধরা হয়েছে)

ATQ,

$$2x = 36 \text{ so, } x = 18 \text{ then time takeb by A} = 3 \times 18 = 54$$

Be careful: যদি গতিবেগের অনুপাত অনুযায়ী B এর ৩ অংশ = ৩৬ মিনিট ধরে ১ অংশ = ১২ এবং A এর ২ অংশ = ২৪ কেউ বের করে সমাধান করেন তাহলে ভুল উত্তর বের হবে। কারণ গতিবেগের অনুপাত থেকে সময় ধরা যায় না। আগে অনুপাতটিকে উল্টিয়ে নিয়ে সময়ের অনুপাত বানানোর পর হিসেব করতে হবে।

বাস্তবেও ভাবতে পারেন: গতিবেগের অনুপাত ২:৩ হলে যার গতি কম তাকে বেশি সময় লাগবে।

- 28. A is twice as fast as B and B is thrice as fast as C is. The journey covered by C in 42 min, will be covered by A in** (A এর গতিবেগ B এর গতিবেগের দ্বিগুণ, আবার B এর গতি C এর গতির তিনগুণ। যদি একটি নির্দিষ্ট পথ যেতে C এর ৪২ মিনিট সময় লাগলে একই পথ যেতে A এর কতটুকু সময় লাগবে?)
 a. 252min b. 84 min c. 126min d. 7 min Ans: d

Solution:

ধরি, C এর গতিবেগ x

∴ B এর গতি $3x$ এবং A এর গতি $6x$ (যার গতি সবথেকে কম তার টা ধরতে হয়)

এখন A, B, C গতিবেগের অনুপাত $6x : 3x : x$ তাহলে তাদের সময়ের অনুপাত হবে $\frac{1}{6x} : \frac{1}{3x} : \frac{1}{x}$

$= \frac{1}{6x} \times 6x : \frac{1}{3x} \times 6x : \frac{1}{x} \times 6x$ (ভগ্নাংশাকারে অনুপাতের হরগুলোর ল.সা.গু দিয়ে সব রাশিকে গুণ করতে হয়)

$= 1 : 2 : 6$ অর্থাৎ C কে ৬ মিনিট সময় লাগলে A কে লাগবে ১ মিনিট।

এখন C কে ৪২ মিনিট সময় লাগলে A কে লাগবে ৬ গুণ কম অর্থাৎ ৭ মিনিট।

◆ **দ্রুত মুখে মুখে:**

করার জন্য, প্রথমে দুজনের গতিবেগের হিসেব বের করুন তারপর A এর গতিবেগ C এর গতিবেগের থেকে ৬ গুণ বেশি হলে তাকে ৬ গুণ কম সময় লাগবে, তাই C কে ৪২ মিনিট সময় লাগলে A কে ৭মিনিট লাগবে।

- 29. A truck covers a distance of 550 meters in 1 minute where as a bus covers a distance of 33 kms in 45 minutes. The ratio of their speeds is:** (৫৫০মিটার একটি রাস্তা অতিক্রম করতে একটি ট্রাককে ১মিনিট লাগে, আবার একটি বাস এর ৩৩কিমি পথ অতিক্রম করতে ৪৫মিনিট সময় লাগে। ট্রাক ও বাসটির গতিবেগের অনুপাত কত?) (PKB Execu Officer (Cash) 2014)
 a. 3:4 b. 4:3 c. 3:5 d. 5:3 Ans: a

Solution:

Speed of the truck in 1hr or 60min is $550 \times 60 = 33000m$ or $33km/hr$

Again speed of the bus in 1hr or 60min is $\frac{33 \times 60}{45} = 44km/hr$

So Truck's speed : Bus's speed is = $33:44$ or $3:4$

- 30. The ratio between two super fast trains is 6 : 8. If the second train runs 600 kms in 6 hours, then what would be the speed of the first train ?** (দুটি ট্রেনের গতিবেগের অনুপাত ৬:৮। যদি ২য় ট্রেনটির ৬০০ কিমি পথ যেতে ৬ ঘন্টা সময় লাগে তাহলে প্রথম ট্রেনের গতিবেগ কত?)
 a. 60 km/hr b. 75 km/hr c. 80 km/hr d. 87.5 km/hr Ans:b

Solution:

Here,

Ratio of the speed of the train is = $6:8$

So, ratio of time taken by them is = $8:6$

Now, 2nd train runs 600 km in = 6hours

So, 1st train runs same 600 km in = 8hours

গতিবেগের অনুপাত উল্টিয়ে সময়ের অনুপাত বের করার পর একই দুরত্ব অতিক্রম করতে সময়ের অনুপাত অনুযায়ী সময় লাগবে। ঐকিক নিয়মেও বের করা যায়।

∴ Speed of the first train is $600 \div 8 = 75 \text{ km/hr}$

31. The ratio between the speeds of two trains is 7 : 8. If the second train runs 400 kms in 4 hours, then the speed of the first train is (দুটি ট্রেনের গতিবেগের অনুপাত ৭:৮। যদি ২য় ট্রেনটির ৪০০ কিমি পথ যেতে ৪ ঘন্টা সময় লাগে তাহলে প্রথম ট্রেনের গতিবেগ কত?)

a. 70 km/hr b. 75 km/hr c. 84 km/hr d. 87.5 km/hr Ans: d

✎ Solution:

যেহেতু একই পথ গিয়েছে তাই দূরত্ব ৪০০কিমি ই কিন্তু ২য় ট্রেনটিকে ৪ ঘন্টা সময় লেগেছে তাহলে ১ম ট্রেনটিকে কত সময় লাগবে?

এখানে ১ম ট্রেনের গতি: ২য় ট্রেনের গতি = ৭:৮

সুতরাং ১ম ট্রেনের সময় : ২য় ট্রেনের সময় = ৮:৭

২য় ট্রেনটিকে ৭ ঘন্টা লাগলে প্রথম ট্রেনটিকে লাগবে ৮ ঘন্টা

∴ " " ১ " " " " " $\frac{৮}{৭}$ ঘন্টা।

সুতরাং " " ৪ " " " " " $\frac{৮ \times ৪}{৭}$ ঘন্টা বা $\frac{৩২}{৭}$ ঘন্টা। (উপরের অংকে অনুপাতের সংখ্যাটাই

প্রশ্নে সময় লেগেছে। কিন্তু এখানে অনুপাত ৮:৭ দেয়া আছে কিন্তু সময় ৪ ঘন্টা বলায় এভাবে করা হয়েছে।)

এখন যেহেতু ৪০০কিমি যেতে প্রতি ঘন্টার গতিবেগ কত হবে তা জানতে চেয়েছে তাই

গতিবেগ হবে $৪০০ \div \frac{৩২}{৭}$ কিমি/ঘন্টা বা ৮৭.৫ কিমি/ঘন্টা

32. The speed of three cars are in the ratio 2:3:4. The ratio of the times taken by these cars to travel the same distance is? (৩টি কারের গতিবেগের অনুপাত ২:৩:৪ হলে একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করার সময় তাদের সময়ের অনুপাত কত হবে?) [Uttara Bank- (Cash)-2017]

a. 2:3:4 b. 4:3:2 c. 6:4:3 d. 4:3:6 Ans: c

✎ Solution:

Let the distance cover by the cars is = x

Time taken by, 1st car = $\frac{x}{2}$ (দূরত্বকে গতিবেগ দিয়ে ভাগ করলে সময় বের হবে।)

by 2nd car = $\frac{x}{3}$ and by 3rd car = $\frac{x}{4}$

So, ratio of time = $\frac{x}{2} : \frac{x}{3} : \frac{x}{4}$

= $\frac{x}{2} \times 12 : \frac{x}{3} \times 12 : \frac{x}{4} \times 12$ [ভগ্নাংশের অনুপাত আসলে হরগুলোর ল.সা.গু দিয়ে গুণ করলে পূর্ণ সংখ্যা হবে]

= 6x:4x:3x = 6:4:3 Ans:

☞ **Confusion clear:** এখানে ভুল করে গতিবেগের অনুপাত ২:৩:৪ কে উল্টিয়ে দিয়ে সময়ের অনুপাত ৪:৩:২ বলা যাবে না। কারণ তখন প্রথম ও শেষ রাশির সম্পর্ক ঠিক থাকলেও মাঝের রাশিটির সাথে প্রথম ও ২য় রাশির গতিবেগের সম্পর্কের সাথে সময়ের সম্পর্ক ঠিক থাকে না। অনুপাতকে সরাসরি উল্টানো যাবে শুধু দুটি রাশির অনুপাত থাকলে।

33. In covering a certain distance, the speeds of A and B are in the ratio of 3:4 takes 30 minutes more than B to reach the destination . The time taken by A to reach the destination is. (একটি নির্দিষ্ট পথ অতিক্রম করতে A এবং B এর গতিবেগের অনুপাত ৩:৪। যদি ঐ পথটি অতিক্রম করতে A কে, B এর থেকে ৩০ মিনিট বেশি সময় লাগে তাহলে A কে গন্তব্যে পৌঁছাতে মোট কত সময় লেগেছে?)
[Combined 2 banks(S+J)(Off-IT)-2019]
- a. 1.0 hours b. 1.5 hours c. 2.0 hours d. 2.5 hours **Ans: c**

Solution:

Speed ratio of A and B = 3:4 [অর্থাৎ A এর থেকে B এর গতিবেগ বেশি]

So, time ration of A and B = 4:3 [সুতরাং A কে B এর থেকে বেশি সময় লাগবে]

Let, the time taken by A & B = 4x and 3x

ATQ, $4x - 3x = \frac{30}{60}$ [যেহেতু দু'জনের লাগা সময়ের পার্থক্য = ৩০ মিনিট বা ০.৫ ঘন্টা।]

$\therefore x = 0.5$

So, A has taken = 4×0.5 hours = **2.0 hours**



Relative speed হলো দুটি বাহনের যৌথ গতিবেগ, মনে রাখবেন, বাহন দুটি বিপরীত দিক থেকে এলে তাদের গতিবেগ যোগ করতে হয় এবং একই দিকে গেলে গতিবেগ বিয়োগ করে যে গতিবেগটি আসে তাকে Relative speed বলা হয়।

মনে রাখবেন, একাকি চললে Relative speed হবে না বরং যেই সময় থেকে একই সাথে চলা শুরু করবে শুধু তখনই Relative speed শুরু হবে। বিপরীত দিক থেকে এলে যোগ এবং একই দিকে গেল বিয়োগ করে Relative speed বের করতে হয়।

34. Two trucks 300 km away are travelling towards each other with a constant speed. Truck A is moving at constant speed of 70 km/h while Truck B is moving at a constant speed of 50 km/h How long does it take for them to meet? (একটি নির্দিষ্ট গতিতে দুটি ট্রাক ৩০০ কি.মি. দূরত্ব থেকে পরস্পরের দিকে যাত্রা শুরু করল। ট্রাক A এর গতি ঘন্টায় ৭০ কি.মি. এবং ট্রাক B এর গতি ঘন্টায় ৫০ কি.মি.। কত সময় পর ট্রাক দুটি মিলিত হবে) [NSI-(AD)-2021]
- a. 5 hours b. 3 hours c. 2.5 hours d. 6 hours **Ans: c**

Solution:

Relative Speed of two trucks is = $(70 + 50)$ km/h = 120 km/h

So, Time taken to meet = $\frac{300}{120} = 2.5$ hours (Ans)

35. Two buses start at the same time from Delhi and Agra, which are 300 km. apart, towards each other. After what time will they cross each other if their speeds are 38 km per hour and 37 km per hour? (দুটি বাস একই সাথে দিল্লি থেকে আগ্রার দিকে রওনা দেয়, যার দূরত্ব ৩০০ কি.মি.। তাদের গতিবেগ ঘন্টায় যথাক্রমে ৩৮ কি.মি. ও ৩৭ কি.মি. হলে, কত সময় পর তারা একে অপরকে অতিক্রম করবে?)
[Janata Bank (AEO-Teller)-2019]
- a. 4 hours b. 3 hours c. 5 hours d. 6 hours **Ans: a**

Solution:

Relative Speed = $38 + 37 = 75$ km/ph

So, time taken to cross each other = $\frac{300}{75} = 4$ hours.

36. Two bikes start at the same time from to destination 300 km apart and travel towards each other. If they cross each other at a distance of 130 km from one of the destinations, what is the ratio of their speeds ? (দুটি মোটরসাইকেল ৩০০ কি.মি. দূরত্ব থেকে পরস্পরের দিকে একই সময়ে যাত্রা শুরু করল। যদি যে কোন একপাশের গন্তব্য স্থান থেকে ১৩০ কি.মি. আগে মোটরসাইকেল দুটি পরস্পর সাক্ষাত করে। তাহলে মোটর সাইকেল দুটির গতিবেগের অনুপাত কত?) [BGD-(AM)-2021]
- a. 17:13 b. 7:3 c. 1:3 d. 2:3 Ans:a

✍️ **Solution:**

Let, distance travelled by one bike is = 130 km

So, the other bike goes = (300 – 130) = 170 km

Since the ratio of distance = ratio of speed So, speed ratio = 170:130 = 17:13

37. Two men P and Q start from a place walking at 5 km/hr and 6.5 km/hr respectively. What is the time they will take to be 92 km apart, if they walk in opposite directions ? (P ও Q দুইজন লোক একটি স্থান থেকে যথাক্রমে ঘন্টায় ৫ কিমি ও ৬.৫ কিমি গতিতে হাঁটা শুরু করে। যদি তারা বিপরীত দিকে হাঁটে, তবে কত সময় পর তাদের মধ্যবর্তী দূরত্ব ৯২ কিমি হবে?) [Rupali Bank-(SO)-2019]
- a. 2 hr b. 4 hr c. 6 hr d. 8 hr Ans: d

✍️ **Solution:**

Let they will take x hours to be 92km apart.

$$\text{ATQ, } 5x + 6.5x = 92, \text{ or, } 11.5x = 92 \quad \therefore x = \frac{92}{11.5} = 8 \text{ hrs} \quad \text{Ans:8hrs}$$

☛ মুখে মুখে: বিপরীত দিকে যাওয়ায় ১ ঘন্টায় তাদের মাঝের দূরত্ব = ৫ + ৬.৫ = ১১.৫ কিমি।

সুতরাং তাদের মধ্যে ৯২ কিমি দূরত্ব তৈরী হতে সময় লাগবে = $\frac{৯২}{১১.৫} = ৮$ ঘন্টা।

38. A train starts from city Y at 2 PM and travels towards city X at 75km/hr. Another train starts from city X at 1 PM and travels towards Y at 60km/hr. If the distance between these two cities is 330 km then at what time will they meet? (১টি ট্রেন ৭৫কিমি/ঘন্টা বেগে শহর Y থেকে দুপুর ২টায় শহর X এর দিকে যাত্রা শুরু করে। অপর একটি ট্রেন ৬০কিমি ঘন্টা বেগে শহর X থেকে দুপুর ১ টায় যাত্রা শুরু করে Y এর দিকে যেতে থাকে। যদি শহর দুটির মধ্যে মোট ৩৩০ কি.মি হলে কয়টার সময় তাদের সাক্ষাত হবে?) [Sonali Bank-(off:Cash))-2019-(FF-quota)]
- a. 4:00 PM b. 5:00 PM c. 5:30 PM d. 6:00 PM Ans: a

✍️ **Solution:**

At 2pm distance between two train = 330-60 = 270

Now relative speed of two trains = 60+75 = 135

Time taken to meet = 270÷135 = 2 hours

So, the will meet at 2pm+2hr = 4.00 PM

39. A and B go cycling in the same direction with speeds of 6 km/hr and 12 km/hr. A car from behind passes them in 9 and 10 seconds respectively. What is the speed of the car? (A ও B ঘন্টায় যথাক্রমে ৬ কি.মি. ও ১২ কিমি গতিতে সাইকেল চালিয়ে একই দিকে যায়। পিছন থেকে ১টি গাড়ি তাদেরকে যথাক্রমে ৯ এবং ১০ সেকেন্ডে অতিক্রম করে। গাড়িটির গতিবেগ কত?) [Rupali & Janata Bank (Off):- 2019]
- a. 22 km/hr b. 33 km/hr c. 66 km/hr d. 44 km/hr Ans: c

✍️ **Solution:**

Let, speed of the car = x km/hr

ATQ, $9(x-6) = 10(x-12)$ [Relative speed এ উভয়ক্ষেত্রে অতিক্রান্ত পথের দূরত্ব সমান]


$$\Rightarrow 9x-54 = 10x-120 \quad \therefore x = 66\text{km/hr}$$

40. X and Y are two stations 500 km apart [দূরত্ব]. A train starts from X and moves towards [অভিমুখে] Y at 20 km/hr. Another train starts from Y at the same time and moves towards X at 30 km/hr. how far from X will they cross each other? (দুটি স্টেশন X এবং Y এর দূরত্ব ৫০০কিমি। একটি ট্রেন X থেকে Y অভিমুখে ২০কিমি বেগে এবং একই সময়ে অপর একটি ট্রেন Y থেকে X অভিমুখে ৩০কিমি বেগে চলতে থাকলে X থেকে কত দূরে তারা একে অপরকে অতিক্রম করবে?)

a. 200km b. 300km c. 250km d. 350 km Ans:a

✍️Solution:

At first, look at the picture



Here, relative speed of X & Y is $20 + 30 = 50$ km.

They need to finish the distance is $500 \div 50 = 10$ hours.

Both of them have to travel 10 hours. So, distance from X is $20 \times 10 = 200$ km.

41. A and B are two stations 390 km apart. A train starts from A at 10 a.m. and travels towards B at 65 kmph. Another train starts from B at 11 a.m. and travels towards A at 35 kmph. At what time do they meet? (A এবং B নামে দুটি স্টেশনের দূরত্ব ৩৯০ কিমি.। একটি ট্রেন A স্টেশন থেকে সকাল ১০টায় ৬৫ কিমি বেগে B এর দিকে যেতে থাকে এবং অপর একটি ট্রেন সকাল ১১টায় ৩৫কিমি বেগে স্টেশন B থেকে A স্টেশনের দিকে আসতে থাকে। তারা কখন মিলিত হবে?)

a. 1:10pm b. 2:05pm c. 2:15pm d. 3:15pm Ans: c

✍️Solution:

Suppose they meet 'x' hours after 10 a.m. Then,

(Distance moved by first in x hrs) + [Distance moved by second in (x-1)hrs] = 390.

$$65x + 35(x-1) = 390 \quad (৬৫ \text{ কিমি বেগে } x \text{ ঘন্টায় যাওয়া পথ} + ৩৫ \text{ কিমি বেগে } (x-1) \text{ কিমি পথ} = ৩৯০ \text{ কিমি})$$

$$\Rightarrow 100x = 425 \quad \therefore x = \frac{17}{4} \text{ hr or } 4\text{hr } 15\text{min} \quad (১৭ \text{ কে } ৪ \text{ দিয়ে ভাগ করলে } ৪ \text{ ঘন্টা এবং অবশিষ্ট } ১ \text{ ঘন্টাকে আবার}$$

৪ দিয়ে ভাগ করলে ১৫ মিনিট।)

So, they meet 4 hrs.15 min. after 10 a.m so $10+4\text{hr } 15\text{min} =$ at 2.15 p.m.

◆আরো সহজে সমাধান:

সকাল ১১টায় Relative speed শুরু হওয়ার সময় তাদের মাঝের দূরত্ব = $৩৯০-৬৫ = ৩২৫$ কিমি. (কারণ ১০ টায় ছাড়া ট্রেন ৬৫ কিমি দূরত্ব অতিক্রম করেছে।)

সকাল ১১টায় Relative speed = $৬৫+৩৫ = ১০০$

সুতরাং সকাল ১১টার পর ১০০ কিমি বেগে ৩২৫ কিমি যেতে সময় লাগবে $\frac{৩২৫}{১০০} = \frac{১৩}{৪}$ ঘন্টা বা ৩ ঘন্টা ১৫ মি.

তাহলে ট্রেন দুটির সাক্ষাত হবে ১১টা + ৩ ঘন্টা ১৫ মি. = ২টা ১৫ মিনিট।

এই সহজ নিয়মটিকে সমীকরণ সাজাতে হলে: আগের সমীকরণে যেমন: ১০টা থেকে শুরু এখানে ১১টা থেকে শুরু হবে। তাই ২য় ট্রেনটি x ঘন্টা গেলে প্রথম ট্রেনটি তখন $x+1$ ঘন্টা যাবে। (কারণ ১ ঘন্টা আগে শুরু করেছে)

তখন সমীকরণটি হবে:

$$65(x+1) + 35x = 390 \text{ এটাকে সাজালেই ছবছ উপরের নিয়মির মতই হবে।}$$

42. Two stations A and B are 110 km apart on a straight line. One train starts from A at 7a.m. and travels towards (অভিমুখে) B at 20 kmph. Another train starts from B at 8a.m. and travels towards A at a speed of 25 kmph. At what time will they meet? (A এবং B দুটি স্টেশনের মধ্যে দূরত্ব ১১০কিমি। একটি ট্রেন A থেকে সকাল ৭টায়, ২০কিমি বেগে B এর দিকে এবং অপর একটি ট্রেন B থেকে সকাল ৮টায়, ২৫কিমি বেগে A এর দিকে যেতে থাকলে কখন তারা মিলিত হবে?)

a. 9 a.m. b. 10 a.m. c. 10.30 a.m. d. 11 a.m. Ans: b

✍️Solution:

Suppose they meet x hours after 7 a.m.
Distance covered by A in x hours = $20x$ km.
Distance covered by B in $(x - 1)$ hours = $25(x - 1)$ km.
ATQ, $20x + 25(x - 1) = 110$
 $45x = 135 \therefore x = 3$ So, they meet at 10 a.m.

সহজে ভাবুন
Relative speed শুরু হবে সকাল ৮টায় এবং তখন দূরত্ব থাকবে $১১০ - ২০ = ৯০$ কিমি। সময় লাগবে $৯০ \div (২০ + ২৫) = ২$ ঘন্টা। তাহলে সাক্ষাত হবে $৮ + ২ = ১০$ টায়।

◆ Alternative Solution:

১ ঘন্টা আগে যাত্রা করা ট্রেনের ২০কিমি দূরত্ব মোট ১১০কিমি থেকে বাদ দিলে দু ট্রেনের ব্যবধান $১১০ - ২০ = ৯০$ । এখন ২য় ট্রেনটিও বিপরীত দিক থেকে সকাল ৮টায় যাত্রা শুরু করায় Relative speed $২০ + ২৫ = ৪৫$ কিমি। তাদের সাক্ষাত হবে $৯০ \div ৪৫ = ২$ ঘন্টা পর। সুতরাং তারা মিলিত হবে ৮টার ২ ঘন্টা পরে। অর্থাৎ $৮ + ২ = ১০$ টায়।

43. A driver of an auto rickshaw sees a lorry 60 m ahead of him. After 30 second the lorry is 90 m behind. If the speed of the auto rickshaw is 38 km/hr, then what is the speed of the lorry? (একজন অটো রিক্সার ড্রাইভার তার ৬০ মিটার সামনে একটি লরি দেখতে পেল। ৩০ সেকেন্ড পর লরিটি তার থেকে ৯০ মিটার পিছনে পড়ল। অটো রিক্সার গতিবেগ ৩৮ কি.মি./ঘন্টা হলে লরিটির গতিবেগ কত?) [Rupali & Janata Bank (Off):- 2019]

a. 23 km/hr b. 25 km/hr c. 20 km/hr d. 18 km/hr Ans: c

✍️Solution:

In 30 sec total Distance = $(90+60)=150$ m Auto $\xrightarrow{60\text{m}}$ \bullet $\xrightarrow{\text{lorry}}$ \bullet $\xrightarrow{90\text{m}}$ Auto
Relative speed = $\frac{150}{30} = 5\text{m/sec}$ or, $5 \times \frac{18}{5} = 18 \text{ km/h r}$

Let, the speed of the lorry = x

ATQ, $38 - x = 18$ (একই দিকে যাওয়ায় দু জনের গতিবেগের বিয়োগফল = আপেক্ষিক গতি ১৮)

Speed of lorry $x = (38 - 18) = 20 \text{ km/hr}$

➡️Confusion clear: এখানে অনেকে ভাবতে পারেন যে, লরিটির সামনে যখন অটো যাবে তখন লরিটিও তো আগাতে থাকবে। একটা বিষয় মাথায় রাখুন, ৩০ সেকেন্ডে যে ১৫০মিটার যাবে, এটা হচ্ছে ৩০ সেকেন্ডে তাদের মাঝে তৈরী হওয়া দূরত্ব। অর্থাৎ প্রতি ১ সেকেন্ডে আপেক্ষিক গতিবেগ বা দূরত্ব তৈরী হবে $১৫০ \div ৩০ = ৫$ মিটার। এই ৫মিটার হলো, প্রতি সেকেন্ডে লরিও চলবে, অটোও চলবে, চলার পর অটো টি ১ সেকেন্ডে ৫মিটার অতিরিক্ত যাবে।

∴ Distance covered at 20km/hr in 10mins = $20 \times \frac{10}{60}$ km = $\frac{10}{3}$ km

ATQ, $\frac{\frac{10}{3}}{20+x} = \frac{8}{60}$ (আপেক্ষিক গতিতে ১ম বাসের ১০ মিনিটে অতিক্রম করা পথটি ২য় বাস + মানুষ মিলে অতিক্রম করবে ৮ মিনিটে)

⇒ $\frac{10}{60+3x} = \frac{2}{15}$ ⇒ $120 + 6x = 150$ ⇒ $6x = 30$ ∴ $x = 5$ So, Speed of the man = **5 kmph**

ক্রমুখে মুখে : Time ratio of bus & (Bus + Man) = 10min:8min = 5:4

So, speed ratio Bus: (Bus+Man) = 4:5 since speed of bus 4 part = 20km (৫গুণ)

বাদ দিতে হবে

47. Rakib gets on the elevator (লিফট) at the 11th floor of a building and rides up at the rate of 57 floors per minute. At the same time, Atik gets on an elevator at the 51st floor of the same building and rides down at the rate of 63 floors per minute. If they continue traveling at these rates, then at which floor will they paths cross?

a. 19

b. 28

c. 30

d. 37

Ans: c

✍️ Solution:

মোট ফ্লোর ৫১টি। ১১ তম ফ্লোর থেকে লিফটে উঠায়, উঠানামা হবে ৫১-১১= ৪০টিতে।

এখানে দুজনের Relative speed ৫৭+৬৩ = ১২০ ফ্লোর প্রতি মিনিটে বা ৬০ সেকেন্ডে।

১২০টি ফ্লোর অতিক্রম করতে দুজনকে ৬০সেকেন্ড (অর্ধেক) সময় লাগলে

উভয়ে মিলে ৪০টি ফ্লোর অতিক্রম করতে সময় লাগবে ২০ সেকেন্ডে।

এখন, রাকিব নিচ থেকে ৬০ সেকেন্ডে ৫৭ টি ফ্লোর উপরে উঠতে পারলে ২০ সেকেন্ডে উঠবে ১৯টি।

সুতরাং রাকিব ও আতিকের সাক্ষাত হবে ১১+১৯ = ৩০তম ফ্লোরে। (কারণ রাকিব লিফটে উঠেছিল ১১ তলায়)

Average Speed

◆ সূত্র-১: Average speed = $\frac{\text{Total distance (go + return)}}{\text{Total time (go + return)}}$ [গতিবেগ ও পথের দূরত্ব দেয়া থাকলে]

48. A man travels for 2 hours at 30 miles an hour and he covers 60 miles in the next 3 hours. what is the average speed per hour for the entire trip? (এক ব্যক্তি ৩০মাইল/ঘন্টা বেগে ২ ঘন্টা ভ্রমণ করার পর পরবর্তী ৩ ঘন্টায় মোট ৬০ মাইল পথ অতিক্রম করলে তার সম্পূর্ণ যাত্রায় গড় গতিবেগ কত?)

[Combined (Off:)-2022 (2019 Based)]

a. 18

b. 24

c. 36

d. 45

Ans:b

✍️ Solution:

Distance travelled by the man in 2 hrs at 30miles/hr = $30 \times 2 = 60$ miles

$$\therefore \text{Average speed} = \frac{\text{Total distance (go + return)}}{\text{Total time (go + return)}} = \frac{60 + 60}{2 + 3} = \frac{120}{5} = 24 \text{ miles/hr}$$

✍ **Alternative Solution:** Two speeds are = 30miles/hr and $60 \div 3 = 20$ miles/hr

$$\text{So, Average speed} = \frac{2xy}{x + y} = \frac{2 \times 30 \times 20}{30 + 20} = \frac{2 \times 30 \times 20}{50} = 24 \text{ miles/hr}$$

49. A man travels a certain distance at a rate of 20 miles an hour and returns at the rate of 30 miles an hour. What is his average speed? (২০ কিমি বেগে গিয়ে ৩০ কিমি বেগে ফিরে আসলে গড় গতিবেগ কত?)

a. 24 b. 25.5 c. 25 d. none Ans: a

✍ **Solution:** [Help: এখানে, $x = 20$ এবং $y = 30$ ধরে সূত্র প্রয়োগ করলে $\frac{2xy}{x + y} = \frac{2 \times 20 \times 30}{20 + 30} = \frac{1200}{50} = 24$]

50. A motorist travels to a place 150 km away at an average speed of 50 km and returns at 30 km per hour. What is his average speed for the whole journey in km per hour? (একজন মোটর সাইকেল আরোহী ৫০কিমি গতিতে ১৫০ কিমি পথ অতিক্রম করে ৩০কিমি গতিতে ফিরে আসে। সম্পূর্ণ যাত্রায় তার গড় গতিবেগ কত?) (Agrani Bank Ltd. Seni Offi-2013)

a. 35 b. 37 c. 37.5 d. 40 Ans: c

✍ **Solution:** Here total travel = $150 + 150 = 300$
and first time $150 \div 50 = 3$ hours and return time is $150 \div 30 = 5$ hr

$$\text{So the average speed is } \frac{150 + 150}{3 + 5} = \frac{300}{8} = 37.5 \text{ km}$$

51. The distance between Dhaka & Bogra is 300 kilometers. A car travels from Dhaka to Bogra at 100km/hr. and returns from Bogra to Dhaka along the same route at 60km/hr. What is the average speed of the round trip? (৩০০ কিমি পথ ১০০ কিমি বেগে গিয়ে ৬০কিমি বেগে ফেরত আসলে গড় গতিবেগ কত?) (E.MBA Oct.2006)

a. 70 b. 75 c. 80 d. 85 Ans: b

✍ **Solution:** [Help: $\frac{300\text{km} + 300\text{km}}{3\text{hr} + 5\text{hr}} = \frac{600\text{km}}{8\text{hr}} = 75\text{km}$]

একই পথ একবার গিয়ে ফেরত আসা বোঝালে যাওয়া ও আসার পথের দুরত্ব সমান, তাই একই পথের যোগফল

52. If a man travels p hours at an average rate of q miles per hour, and then r hours at an average rate of s miles per hour, what is his overall average rate of speed? (এক ব্যক্তি q মাইল গতিতে p ঘন্টা ভ্রমণ করে, এবং পরবর্তীতে s মাইল গতিতে r ঘন্টা যায়, সম্পূর্ণ যাত্রায় তার গড় গতিবেগ কত?) (National Bank.Pro.Off.-2014)

a. $\frac{pq + rs}{p + r}$ b. $\frac{q + s}{2}$ c. $\frac{q + s}{p + r}$ d. $\frac{p}{q} + \frac{r}{s}$ Ans: a

✍ **Solution:** [Help: প্রথমে মোট পথ pq এবং পরের মোট পথ rs যোগ করে মোট সময় p+r দিয়ে ভাগ করতে হবে]

53. A train traveled p kms in 40 minutes and completed the remaining 200 kms of the trid in q minutes. What was its average speed, in km per hour for the entire trid? (একটি ট্রেনকে p কি.মি. যেতে ৪০ মিনিট সময় লাগে এবং অবশিষ্ট ২০০ কি.মি. যেতে q মিনিট সময় লাগে । সম্পূর্ণ পথে প্রতি ঘন্টায় তার গড় গতিবেগ কত?) [Bapex (AM)-2023]

- a. $\frac{60(p+200)}{40+q}$ b. $\frac{240}{p+q}$ c. $\frac{4}{p+q}$ d. None Ans: a

✍ **Solution:** Total distance = $(p+200)$ kms

$$\text{and total time} = (40+q) = \frac{40+q}{60} \text{ hrs}$$

$$\text{So, Required Avg. speed} = \frac{\text{Total Distance}}{\text{Total Time}} = \frac{p+200}{\frac{40+q}{60}} = (p+200) \times \frac{60}{40+q} = \frac{60 \times (p+200)}{40+q}$$

54. A man covers a total distance of 100 km on bicycle. For the first 2 hours, the speed was 20 km/hr and for the rest of the journey, it came down to 10 km/hr. The average speed will be? (এক ব্যক্তি ১০০ কিমি রাস্তা বাইসাইকেলে অতিক্রম করে। প্রথম ২ ঘন্টায় গতিবেগ ২০কিমি/ঘন্টা এবং পরবর্তী পথের জন্য গতিবেগ ১০ কিমি/ঘন্টা ছিল। সম্পূর্ণ যাত্রায় ঐ ব্যক্তির গড় গতিবেগ কত?) [Combined 2Banks-(off)-2018]

- a. 12.5 km/hr b. 13 km/hr c. 14.5 Km/hr d. 20 Km/hr Ans: a

✍ **Solution:**

$$\text{Distance covered by man in first 2 hrs} = 2 \times 20 = 40 \text{ km}$$

$$\text{Remaining distance} = (100 - 40) = 60 \text{ km}$$

$$\text{Time to cover this 60 km with 10 kmh} = \frac{60}{10} \text{ kmh} = 6 \text{ hrs}$$

$$\text{So average speed} = \frac{\text{Total Distance}}{\text{Total Time}} = \frac{100}{2+6} = \frac{100}{8} = 12.5 \text{ kmh}$$

55. The respective ratio between the speed of a car, a train, and a bus is 5:9:4 . The average speed of the car, bus and train is 72 km/hr together. What is the average speed of the car and the train together ?(একটি কার, ট্রেন এবং বাসের গতিবেগের অনুপাত যথাক্রমে ৫:৯:৪। একত্রে কার, বাস এবং ট্রেনটির গতিবেগের গড় ৭২কিমি/ঘন্টা। কার এবং ট্রেনের গড় গতিবেগ একত্রে কত?) [BSC Combined exam (SO- 8 Bank) -2018]

- a. 82 km/hr b. 72 km/hr c. 67 km/hr d. 84km/hr Ans:d

✍ **Solution:**

	Car	Train	Bus
Speed	5x	9x	4x

$$\text{Car} + \text{Train} + \text{Bus} = 5x+9x+4x = 18x$$

$$\text{ATQ, } \frac{18x}{3} = 72 \quad (\text{যেহেতু প্রশ্নে বলা হয়েছে সবগুলোর গড় গতিবেগ ৭২, তাই যোগফল ৩ দিয়ে ভাগ করে গড়} = ৭২)$$

$$\Rightarrow 18x = 72 \times 3 \quad (\text{গুণফল বের না করে রেখে দিলে পরে সহজে কাটা যাবে, সময় কম লাগবে})$$

$$\therefore x = \frac{72 \times 3}{18} = 12$$

$$\text{Now, average speed of car and train} = \frac{5x + 9x}{2} = \frac{14x}{2} = 7x = 7 \times 12 = 84$$

(Car এবং Train এর আলাদা গতি বের করে হিসেব করার থেকে এভাবে x ধরে ই হিসেব করে শেষে মান বসালে সহজ হয়)

56. An airplane flies along the four sides of a square at the speeds of 200, 400, 600 and 800 km/hr. Find the average speed of the plane around the field. (একটি উড়োজাহাজ একটি বর্গক্ষেত্রের চারদিকে যথাক্রমে ২০০, ৪০০, ৬০০ এবং ৮০০ কি.মি.গতিতে অতিক্রম করে। উড়োজাহাজটির গড় গতিবেগ কত?) [Rupali Bank-(S.O)-2019]

a. 432 km/hr b. 375 km/hr c. 384 km/hr d. 221 km/hr Ans: c

✍️ **Solution:**

Let each side of the square be x km
and set the average speed of the plane around the field be y km/hr.

$$\text{ATQ } \frac{x}{200} + \frac{x}{400} + \frac{x}{600} + \frac{x}{800} = \frac{4x}{y} \Rightarrow \frac{25x}{2400} = \frac{4x}{y} \quad \therefore y = \frac{2400 \times 4}{25} = 384 \text{ km/hr}$$

[Shortcut: ২০০, ৪০০, ৬০০ এবং ৮০০ এর ল.সা.গু = ২৪০০ কে এক পার্শ্ব ধরলে সময় লাগবে, ১২+৬+৪+৩ = ২৫ ঘন্টা। তাহলে মোট পথ ৪×২৪০০ = ৯৬০০ কিমি যেতে গড় গতিবেগ = ৯৬০০÷২৫ = ৩৮৪কিমি/ঘন্টা।]

57. A car covers four successive 7 km distance at speeds of 10 km/hr, 20 km/hr, 30 km/hr, and 60 km/hr respectively. Its average speed over the distance is : (একটি গাড়ি পর পর ৭ কিলোমিটার পথ ঘন্টায় যথাক্রমে ১০ কিমি ২০ কিমি, ৩০কিমি এবং ৬০ কিমি গতিতে যায়। পুরো পথে তার গড় গতিবেগ কত?) [Janata Bank-(AEO)-2019]

a. 40 km/hr b. 30 km/hr c. 20 km/hr d. 50 km/hr Ans: c

✍️ **Solution:**

Average speed = $\frac{\text{Total distance}}{\text{Total time}}$ [এখানে প্রতিবার গতিবেগ দিয়ে দূরত্ব ৭ কে ভাগ দিলে সময় বের হবে]

$$\text{Average speed} = \frac{7 + 7 + 7 + 7}{\frac{7}{10} + \frac{7}{20} + \frac{7}{30} + \frac{7}{60}} = \frac{28}{\frac{7 \times (6 + 3 + 2 + 1)}{60}} = \frac{28}{\frac{7 \times 12}{60}} = \frac{28}{7} = \frac{28 \times 5}{7} = 20 \text{ km/hr}$$

